গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী
স্থাপিত: ১৯২২
ডাকঘর-ফেনী,উপজেলা-ফেনী,জেলা-ফেনী
www.fgc.gov.bd

স্মারক নং-ফেসক/২০২৫/ তারিখ : ১৮/০৩/২০২৫ খ্রি.

# ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অধিভুক্ত বিষয়সমূহে ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত বিষয়সমূহে ফেনী সরকারি কলেজে ভর্তির জন্য আবেদন করা যাবে :

বিষয় সমূহ : বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান,সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা,পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান, গণিত

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

## সাধারণ নির্দেশনা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

গ) এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

ঘ) আবেদনকারী যে কলেজ থেকে স্নাতক (সম্মান)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে যদি ঐ একই কলেজে প্রার্থিত বিষয়ে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে প্রাথমিক আবেদন করে থাকে, সেক্ষেত্রে এ ধরণের আবেদনকারীকে অগ্রাধিকার দিয়ে বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক আসন শূন্য থাকলে সেক্ষেত্রে অন্যান্য আবেদনকারীদের মেধার ভিত্তিতে আসন বরাদ্দ দেয়া হবে। এ শর্ত শুধুমাত্র ১ম মেধা তালিকা প্রণয়নের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

ঙ) এ ভর্তি কার্যক্রমের ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, কোটা ও রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে সম্পন্ন করা হবে।

চ) ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions)** মাধ্যমে জানা যাবে। এছাড়াও **SMS (nu<space>atmf<space>roll no** টাইপ করে ১৬২২২ নম্বরে **send** করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র মেধা তালিকার ফলাফল জানা যাবে।

ছ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। দ্বৈত ভর্তি বাতিল সম্পর্কিত জ্ঞাতব্য :

জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তিও ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী (যে শিক্ষাবর্ষেই হোক না কেন) মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে অথবা মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে বর্তমানে অধ্যয়নরত থাকলে (অর্থাৎ সংশ্লিষ্ট পরীক্ষার ফল প্রকাশ না হলে) তাকে অবশ্যই পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ প্রোগ্রামে ভর্তি হতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/ রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

## অনলাইনে টাকা জমাদান পদ্ধতি :

মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমাদান পদ্ধতি: (বিকাশ/রকেট/নগদ/সোনালী ব্যাংক একাউন্ট ট্রান্সফার এর মাধ্যমে জমা দেওয়া যাবে।)

**Sonali Bill Payment System** ক্লিক করে অথবা

**https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Application?eiin=106642**

অপশান লগ ইন করে ফেনী সরকারি কলেজ (১০৬৬৪২) সিলেকশন করে সঠিক তথ্য দিয়ে মোবাইল ব্যাংকি এর মাধ্যমে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত টাকা) জমা দিতে হবে।

## আবেদন প্রক্রিয়া :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের **www.nu.ac.bd/admissions** এ লগইন করে আগামী ১৮/০৩/২০২৫ খ্রি. থেকে ১০/০৪/২০২৫ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।

## *আবেদন ফরম জমাদানের স্থান :*

প্রশাসনিক ভবন নিচ তলা
সকাল ১০: ০০ টা থেকে দুপুর ২: ০০ টা পর্যন্ত
তারিখ : ১৮/০৩/২০২৫ খ্রি. থেকে ১০/০৪/২০২৫ খ্রি. পর্যন্ত

## প্রয়োজনীয় কাগজপত্রাদি :

১। আবেদন ফরম এর প্রিন্ট কপি ১টি
২। অনার্স ৪র্থ বর্ষের ফলাফল বিবরণী ও প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার এর ফলাফল বিবরণী এর কপি ১টি
৩। অনার্স ৪র্থ বর্ষের ফলাফল বিবরণী ও প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার এর ফলাফল বিবরণী প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১টি
৪। অনলাইনে টাকা জমাদানের পেমেন্ট স্লিপ ১ কপি
৫। দ্বৈত ভর্তির প্রমাণপত্র ১ কপি।

*** প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার পর অবশ্যই মোবাইল ব্যাংকি এর মাধ্যমে ৩০০/- টাকা জমা দিতে হবে অন্যথায় ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফলাফল প্রকাশের পর ভর্তি কার্যক্রম সম্পর্কিত তথ্য পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।**

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ,ফেনী

০১৮৪০৮৪০৭৬১
০১৮১৮-৯২২৬৯৯